

## সমকাল

### প্রাইম ফাইন্যান্স ফাস্ট ইউনিট ফান্ড নির্ধারিত সময়ের আগেই বিক্রি শেষ

#### ■ সমকাল প্রতিবেদক

বেসরকারি খাতে দেশের প্রথম মেয়াদহীন মিউচুয়াল ফান্ড বা ইউনিট ফান্ডে বিনিয়োগকারীদের ব্যাপক সাড়া পাওয়া গেছে। প্রাথমিক ধাপে বিনিয়োগকারীদের মধ্যে ১৭ কোটি টাকার ইউনিট বিক্রির যে লক্ষ্যমাত্রা ছিল নির্ধারিত সময়ের এক সপ্তাহ আগেই তা অর্জিত হয়েছে। এ সাফল্যকে তাদের প্রতি বিনিয়োগকারীদের আস্থা এবং নতুন পণ্যের ব্যাপারে তাদের আগ্রহের প্রকাশ পেয়েছে বলে মনে করছে ফান্ডটির সম্পদ ব্যবস্থাপক প্রাইম ফিন্যান্স অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি।

গতকাল বুধবার এক সংবাদ সম্মেলনে এ তথ্য তুলে ধরেছে প্রাইম ফিন্যান্স অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি। রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মঈন আল কাশেম। এ সময় প্রতিষ্ঠানের হেড অব ফাইন্যান্স ও এইচ আর এম মোঃ হাসান ঈমাম, হেড অব ফান্ড ম্যানেজমেন্ট মইনুল ইসলাম, হেড অব রিসার্চ মীর আরিফুল ইসলাম, হেড অব আইটি মোঃ মহিউদ্দিন মাহমুদ এবং ইনভেস্টমেন্ট অ্যানালিস্ট সৈয়দ আদনান হুদা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে মঈন আল কাশেম বলেন, 'বিনিয়োগকারীরা আমাদের ওপর আস্থা রাখায় আমরা অভিভূত এবং তাদের প্রতি কৃতজ্ঞ।' তিনি বলেন, বিনিয়োগকারীদের নিয়ন্ত্রিত বৃদ্ধির মধ্যে একটি সন্তোষজনক মুনাফা দেওয়ার জন্য তারা তাদের সব মেধা, সততা, আন্তরিকতা ও নিষ্ঠা নিয়ে কাজ করবেন। তিনি জানান, ২৬ সেপ্টেম্বর প্রাইম ফাইন্যান্সিয়াল ফাস্ট ইউনিট ফান্ড যাত্রা শুরু করে। উদ্বোধনী অনুষ্ঠানেই বিভিন্ন প্রাতিষ্ঠানিক ও বিভিন্ন পেশার ব্যক্তি বিনিয়োগকারীরা ১ কোটি ৫২ লাখ টাকা মূল্যের ইউনিট কিনে নেন।